গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২০–৩০ জুন ২০২১

# সূচিপত্র

**মন্ত্রণালয়/ বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

প্রস্তাবনা

সেকশন ১: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: অগ্রাধিকার, কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর উপর নির্ভরশীলতা।

২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক অর্জনঃ**

পরিকল্পনা কমিশনের এ বিভাগের আওতায় ০৮টি সেক্টরের (৩৫টি মন্ত্রণালয়/বিভাগ) উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়া করা হয়।

**সেক্টরঃ স্বাস্থ্য, পুষ্টি জনসংখ্যা ও পরিবার কল্যাণ**

অর্থ মন্ত্রণালয়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাংকের জরুরি সহায়তা তহবিল হতে ১০০ (একশত) মিলিয়ন ডলার (প্রায় ৮৫০.০০ কোটি টাকা) ঋণ সহায়তা পাওয়ার বিষয়ে ইতোমধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। বর্ণিত কারণে, স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় স্বাস্থ্য অধিদপ্তর বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের সহায়তায় বাস্তবায়নের জন্য 'COVID-19 Emergency Response and Pandemic Preparedness' শীর্ষক প্রকল্পটি মোট ১১২৭.৫২ কোটি (যার মধ্যে জিওবি: ২৭৭.৫১৬১ কোটি এবং বিশ্বব্যাংকের ঋণ: ৮৫০.০০ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), তাদের 'COVID-19 Response Emergency Assistance Project এর অধীনে বাংলাদেশকে ইউএসডি ১০০.০০ মিলিয়ন ঋণ সহায়তার প্রস্তাব করেছে। বর্ণিত কারণে, স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় স্বাস্থ্য অধিদপ্তর বাংলাদেশ সরকার ও এডিবি'র সহায়তায় বাস্তবায়নের জন্য 'COVID-19 Response Emergency Assistance' শীর্ষক প্রকল্পটি মোট ১৩৬৪.৫৬৩৭ কোটি (যার মধ্যে জিওবি: ৫১৪.৫৯৫০ কোটি এবং প্রকল্প সাহায্য: ৮৪৯.৯৬৮৭ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

**সেক্টরঃ ক্রীড়া ও সংস্কৃতি, সমাজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন এবং গণসংযোগ**

সমাকজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন সেক্টর আর্থ-সামাজিক উন্নয়ন খাতের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ সেক্টর। এ সেক্টরের আওতায় ৭ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা ও এসডিজি'র অভীষ্ট অর্জনে সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক উন্নয়ন এবং যুব উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ সেক্টরে উক্তরোত্তর বর্ধিত হারে বরাদ্দ প্রদান করা হচ্ছে। বাল্য বিবাহ নিরোধ আইন ও সরকারের একটি যুগান্তকারী কর্মসূচি। এর ফলে নারীর জীবনমান উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে।

এ সাব-সেক্টরের আওতায় দু:স্থ, সুবিধাবঞ্চিত, অবহেলিত, শারীরিক প্রতিবন্ধী ও এতিম জনগোষ্ঠীর কল্যাণে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। এ সাব-সেক্টরের অন্যতম বৈশিষ্ট্য হল সরকারী কার্যক্রমের পাশাপাশি বেরকারী উদ্যোগে সেবাধর্মী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক অনুদান প্রদান। বেসরকারী প্রচেষ্টায় আর্থ-সামাজিক সেক্টরে গৃহীত প্রকল্পে সীমিত আকারে সরকারি সাহায্য প্রদানের জন্য সংশোধিত নীতিমালার আওতায় গৃহীত অধিকাংশ প্রকল্প এতিম, প্রতিবন্ধী ও সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নার্থে গৃহীত।

**সেক্টরঃ জনপ্রশাসন**

জনপ্রশাসন সেক্টরের অন্তর্ভুক্ত প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি ও মানবসম্পদ উন্নয়ন, রাজস্ব আদায়ে গতিশীলতা আনয়ন বিশেষতঃ অনলাইন ভ্যাট আদায় ও ট্যাক্স রিটার্ন দাখিলের সুযোগ তৈরি, নির্বাচন ব্যবস্থায় তথ্য প্রযুক্তির প্রয়োগ, বর্হিবিশ্বেবাংলাদেশের পাসপোর্টের গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে e-passport প্রচলন করা, দেশে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ইকনমিক জোন প্রতিষ্ঠা,ব্যাংকিং খাতের সংস্কার, সরকারি ক্রয় প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা ও প্রতিযোগিতা আনয়নের লক্ষ্যে e-procurement প্রচলন, সরকারের বিভিন্ন দপ্তরের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে-বিদেশে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ, মাস্টার্স কোর্স এবং পিএইচডি কোর্সের ব্যবস্থা রাখা, আইন-শৃংখলা পরিস্থিতিনিয়ন্ত্রণে রাখার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির জনপ্রশাসন সেক্টরের আওতায় বিগত ১০ বছরের উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং বর্তমানেও অনেকগুলো প্রকল্প বাস্তবায়নাধীন আছে।

সেক্টরঃ বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

দেশে 'ইনফরমেশন টেকনোলজি (আইটি)/ইনফরমেশন টেকনোলজি এ্যানাবলড সার্ভিসেস (আইটিইএস)-এর প্রসারের জন্য গাজীপুরের কালিয়াকৈরে একটি হাইটেক পার্ক স্থাপন, যশোরে শেখ হাসিনা সফট্ওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন, সিলেটে সিলেট ইলেক্ট্রনিকস সিটি, রাজশাহীতে বঙ্গবন্ধু হাই-টেক পার্ক, ১২টি আইটি পার্ক, শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার, বঙ্গবন্ধু হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণের কাজ বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি) এবং ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্পটি প্রক্রিয়াধীন রয়েছে।

দেশের ছাত্র-ছাত্রী ও যুব সমাজকে কম্পিউটার শিক্ষা ও ইন্টারনেট সেবা প্রদানের জন্য সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩৬০০ টি কম্পিউটার ল্যাব, বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় কলেজে ৪০টি সাইবার সেন্টার স্থাপন করা হয়েছে। এছাড়া, সারা দেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৩৯০৫টি শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব এবং সকল জেলার শিক্ষা প্রতিষ্ঠানে ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপনের কাজ চলমান রয়েছে;

সরকারের বিভিন্ন সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার উদ্দেশ্যে সারা দেশে উপজেলা পর্যায়ে ১৫২টি কমিউনিটি ই-সেন্টার এবং ৬৪ জেলায় জেলা তথ্য বাতায়ন বা ওয়েবপোর্টাল স্থাপন করা হয়েছে। ৯

সেক্টরঃ শিক্ষা ও ধর্ম

সাম্প্রতিক অর্জনঃ শিক্ষা ও ধর্ম সেক্টরের আওতায় শিক্ষার গুণগত ও ভৌত মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হয় । সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সকল স্তরে শিক্ষার গুণগতমান উন্নয়ন এবং শিক্ষার নিম্নমান সংক্রান্ত সমস্যা সমাধানে প্রয়োজনীয় কৌশল অবলম্বনের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে কারিকুলামের আধুনিকায়ন, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষকদের জন্য উচ্চতর বেতন কাঠামো, উচ্চতর শিক্ষার কারিকুলাম উন্নয়নে তদারকি জোরদারকরণ, শহর ও গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানের গুণগত মানের মধ্যে বিদ্যমান পার্থক্য দূরীকরণ, মাদ্রাসা শিক্ষায় বিজ্ঞান ও গণিতের অন্তর্ভুক্তি, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় গণিত ও ইংরেজি শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণের কথা কৌশলপত্রে বলা হয়েছে।

সারাদেশের জরাজীর্ণ প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নকল্পে "চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক দু'টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া, ঝরে পড়া সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা প্রদানের লক্ষ্যে রিচিং আউট অব স্কুল চিলড্রেন, নিরক্ষরতা দূরীকরণে মৌলিক স্বাক্ষরতা প্রকল্প, দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিংসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ১৫০০টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনসহ সারা দেশে আরও ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে।

সেক্টরঃ শ্রম ও কর্মসংস্থান

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক শ্রম ও কর্মসংস্থান সেক্টরের অধীনে বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য কয়েকটি প্রকল্প (১) "বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি এবং কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশিক্ষনার্থীদের বৃত্তি প্রদান কার্যক্রম (৭ম পর্যায়)" (২) "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্প" (৩) "৩ টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন এবং ২২টি শ্রম কল্যাণ কেন্দ্র সংস্কার ও আধুনিকায়ন প্রকল্প" (৪) "শ্রম ভবন নির্মাণ (লেবার টাওয়ার)" (৫) "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ" (৬) "দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদার করণে ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ" (৭) "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন" (৮) "নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবি হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ" ইত্যাদি। এ সকল প্রকল্প বাস্তবায়নের ফলে কারিগরি জ্ঞান সম্পন্ন মানব সম্পদ তৈরী, শিশু শ্রম হ্রাস, শিল্প জ্ঞান সম্পন্ন জনগোষ্ঠি, উন্নত কাজের পরিবেশ তৈরী, আদি জনগোষ্ঠির জন্য কল্যান সুবিধা, মহিলা শ্রমজিবীদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টি করা সম্ভব হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ**

- উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সেক্টরাল পলিসি না থাকায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে যথার্থতার ঘাটতি
- প্রকল্পে গ্রহণে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং সার্ভে ঠিকমত না করা
- কিছু ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব/ডিপিপি/টিপিপি যথার্থভাবে তৈরি করার জন্য সংশ্লিষ্ট এবং কারিগরি জ্ঞানের ঘাটতি
- সীমিত সম্পদ এবং সামর্থ্যের বিবেচনায় অনেক সময় অর্থনৈতিক এবং সামাজিকভাবে কম গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ
- পরিকল্পনা কমিশন হতে প্রকল্প পরিদর্শন কম হওয়ায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা এবং পরবর্তীতে সমজাতীয় প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পূর্বের প্রকল্পসমূহের সমস্যা চিহ্নিতকরণে অস্পষ্টতা
- প্রকল্প প্রক্রিয়াকরণ প্রক্রিয়ায় পর্যাপ্ত লজিস্টিক্স ও জনবলের ঘাটতি।
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষণের অপ্রতুলতা
- প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সভা নির্ধারিত সময়ে ও নির্ধারিত সংখ্যায় না হওয়া ।
- প্রকল্প প্রক্রিয়াকরণে পরিপত্র কর্তৃক নির্ধারিত সময় না পাওয়া।
- কিছু ক্ষেত্রে অনভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ এবং সময়ে সময়ে পরিবর্তন।

৮

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- প্রকল্পের গ্রহণ এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেক্টরাল পলিসি প্রণয়ন
- প্রকল্পের সামাজিক এবং অর্থনৈতিক উপযোগিতা বিশ্লেষণে ট্যাকনিক্যালিটির ব্যবহার/আশ্রয় বাড়ানো
- উদ্দেশ্যের সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ
- জাতীয় এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি সম্বলিত সংস্থাসমূহকে যথার্থভাবে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং অত্র বিভাগে প্রকল্প অগ্রগতি/সমস্যা ইত্যাদি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।
- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষন ও ওয়ার্কশপের ব্যবস্থাকরণ ।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ (সেক্টর হতে নিম্নলিখিত ক্ষেত্রে ইনপুট প্রদান)**

- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা'র বিভিন্ন পলিসি প্রণয়নে মতামতসহ সহায়তা প্রদান
- এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাৎসরিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন
- ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্পে গ্রহণে পরামর্শ প্রদান এবং নিশ্চিতকরণ
- আরএডিপি/এডিপি প্রণয়ণে সহায়তা প্রদান
- সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান
- প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন।

## উপক্রমণিকা (Preamble)

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০২০ সালের .............. মাসের................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

৬

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১. রূপকল্প:

একটি উন্নত, আধুনিক ও সমৃদ্ধ দেশে উত্তরণের লক্ষ্যে টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা।

১.২. অভিলক্ষ্য:

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিতকল্পে বিভিন্ন প্রতিষ্ঠান/মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে সহায়তা প্রদান।

১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(১) জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
(২) জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা
(৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

১.৪. কার্যাবলি

১ বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
২ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
৩ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ
৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট
৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান
৬ এসডিজি বাস্তবায়নে বিভিন্ন ইনপুট প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান
৭ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়া করা
৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
৯. পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;

সেকশন ২ :

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৯৪% | ৯৭% | ৯৭% | ৯৮% | ৯৮% | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, বিবিএস, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে সময় হ্রাস | গড় সময় | দিন | ৬০ | ৬০ | ৬০ | ৫৮ | ৫৭ | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (Provisional) তথ্য

- যদিও প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপনের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের সরাসরি আওতাভুক্ত নয়।

৫

## সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০ - ২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯—২০** | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | ৪৫ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | ১.১.১ প্রক্রিয়াকৃত প্রকল্প | হার | ১৬ | ৯৩ | ৯৯ | ৯৪ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯৫ | ৯৬ |
| | | | ১.১.২ পিইসি/এসপিইসি সভা অনুষ্ঠান | সংখ্যা | ৯ | ৯৬ | ৯৫ | ৯৫ | ৯০ | ৮৮ | ৮০ | ৭৬ | ৯৫ | ৯৭ |
| | | | ১.১.৩অনুমোদিত প্রকল্প | সংখ্যা | ৩ | - | - | ৮০ | ৭০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ৯৫ |
| | | | ১.১.৪ পিইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | হার | ৯ | ৯৩ | ৯৬ | ৯৫ | ৯০ | ৮৬ | ৮০ | ৭৫ | ৯৬ | ৯৭ |
| | | ১.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভায় যোগদান | ১.২.১ অংশগ্রহনকৃত সভা | সংখ্যা | ৫ | ৯৭ | ৯৯ | ৯৩ | ৮৭ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯৫ | ৯৭ |
| | | ১.৪. প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | ১.৪.১ প্রক্রিয়াকরণের শতকরা হার | শতকরা | ৩ | ১০০ | ৯৭ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | ৮০ | ৯৬ | ৯৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০ - ২১ | | | | | প্রক্ষেপণ ২০২০-২০২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | *২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা | ৩০ | ২.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | ২.১.১ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ৬ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১২ | ৬ | ৬ |
| | | ২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ৭ | ১০ | ১০ | ১২ | ১৪ | ১৫ | ১৮ | ১০ | ১০ |
| | | ২.৩. জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | ২.৩.১ প্রশ্নোত্তর ও তথ্য প্রেরিত | কার্যদিবস | ৩ | ২ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৪ | ৪ |
| | | ২.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়ানাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | ২.৪.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৩ | ৩ | ৩ | ৭ | ৮ | ১০ | ১২ | ১৪ | ৭ | ৭ |
| | | ২.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | ২.৫.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৪ | ৩ | ৩ | ৭ | ৮ | ১০ | ১১ | ১২ | ৭ | ৭ |
| | | | ২.৫.২ পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ২ | ১৮ | ২৫ | ৪০ | ২০ | ১৫ | ১০ | ৮ | ৪০ | ৪০ |
| | | ২.৬. এসডিজি সংক্রান্ত ইনপুট প্রদান | ২.৬.১ ইনপুট প্রেরিত | কার্যদিবস | ৩ | ১৪ | ১৪ | ১৪ | ১৫ | ১৮ | ২১ | ২২ | ১৪ | ১৪ |
| | | ২.৭.প্রকল্প পরিদর্শন প্রতিবেদন | পরিদর্শণ প্রতিবেদন | সংখ্যা | ১ | - | - | ৩০ | ২৮ | ২৬ | ২৫ | ২০ | ৩০ | ৩০ |

*প্রকৃত অর্জন; ৩০ জুন ২০২০ পর্যন্ত

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

## (মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতিবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] র্মসম্পাদনে তিশীলতা মানয়ন ও | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেবার মান বৃদ্ধি | | [২.৩] সেবা সহজীকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ১ | ২৫-২-২১ | ২৫-৩-২১ | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| ...] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'এর সুপারিশ বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |

আমি, সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর প্রধান হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি সিঃ সচিব, পরিকল্পনা বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহোযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

সদস্য 2৮।৭।2020
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন

তারিখ 2৮।৭।2020

সিনিয়র সচিব
পরিকল্পনা বিভাগ

2৮-৭-2020
তারিখ

সংযোজনী -১

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৩ | ডিএসপিইসি | ডিপার্টমেন্টাল স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৪ | জিইডি | জেনারেল ইকনমিক ডিভিশন |
| ৫ | এসইআইডি | সোসিও-ইকনমিক ইনফ্রাসট্রাকচার ডিভিশন |
| ৬ | ইআরডি | ইকনমিক রিলেশনস ডিভিশন |
| ৭ | পিইসি | প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৮ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৯ | এডিপি | এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ১০ | আরএডিপি | রিভাইজড এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী/সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যলোচনায় সহায়তা প্রদান | অনুষ্ঠিত সভা | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার বিবেচনাকল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন//পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ , জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | এসডিজি সংক্রান্ত ইনপুন প্রদান | ইনপুট প্রেরিত | বিভিন্ন সেক্টর ভিত্তিক তথ্য, পরামর্শ প্রদান করা হবে | সংশ্লিষ্ট সেক্টর, জিইডি, মন্ত্রণালয় | জিইডি/মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশনের বিভিন্ন প্রতিবেদন/ডাটা | |

### সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচী যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| মন্ত্রণালয় | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত সঠিক সময়ে প্রদান | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| বিভাগ | ইআরডি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং বৈদেশিক সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য প্রাপ্তির তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা যথাযথ হবেনা | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |

সেকশন ২ :

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৯৪% | ৯৫% | ৯৬% | ৯৬% | ৯৭% | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, বিবিএস, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে গতিশীলতা বৃদ্ধি | গড় সময় হ্রাস | দিন | ৬০ | ৬০ | ৬০ | ৫৮ | ৫৭ | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| কার্যকরী পলিসি প্রণয়ন/গ্রহণে সহায়তার উদ্দেশ্যে মতামত প্রদান | গড় সময় হ্রাস | দিন | ১৪ | ১৪ | ১২ | ১২ | ১০ | পরিকল্পনা কমিশন, পলিসি প্রণয়ন/গ্রহণকারী বিভিন্ন সংস্থা। জাতীয় উন্নয়ন পলিসি তৈরির ক্ষেত্রে পরিকল্পনা কমিশন মূলত দায়িত্বপ্রাপ্ত | |

- যদিও প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপনের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের সরাসরি আওতাভুক্ত নয়